

## রাবি ভিসিকে হুমকি প্রগতিশীল ছাত্রজোটের বিক্ষোভ

প্রতিনিধি, রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিনকে চিঠি পাঠিয়ে হত্যার হুমকি দেওয়ায় প্রতিবাদে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে রাবি শাখা প্রগতিশীল ছাত্র জোট। গত বুধবার দুপুর ১২টার দিকে মিছিলটি ছাত্র ইউনিয়নের দলীয় টেন্ট থেকে শুরু হয়ে ক্যাম্পাসের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে টুকিটাকি চত্বরে এনে সফিক্ত সমাবেশে করে। দ্রুত এই অজ্ঞাত হুমকিদাতাদের চিহ্নিত করে আইনের আওতায় এনে শাস্তির দাবি জানান বক্তারা। এ সময় তারা সব শিক্ষক-শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করারও জোর দাবি জানান। সমাবেশে উপস্থিত ছিলেন রাবি ছাত্র ইউনিয়নের সভাপতি মিনহাজুল আবেদিন, রাবি সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সাধারণ সম্পাদক তাসনুবা তাহরীন অন্তরা, বাংলাদেশ ছাত্র ফেডারেশনের সাংগঠনিক সম্পাদক সবুজসেন প্রমুখ। উল্লেখ্য, গত সোমবার চিঠি পাঠিয়ে রাজশাহীর অটোজন বিশিষ্ট ব্যক্তিকে হত্যার হুমকি দেয়ার হয়। পরদিন একই চিঠি ডাকযোগে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দফতরে পাঠিয়েছে কথিত 'আনসার আল ইসলাম'।